দৈনিক ইত্তেফাক
তারিখ MAR. 1 4 1999
পৃষ্ঠা ৬ কলাম ২

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে

## বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ

৪৬/২, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা।

১ম বর্ষ ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী (বি, এইচ, এম, এস) কোর্সে

# ভর্তি বিজ্ঞপ্তি

১৯৯৮-৯৯ইং শিক্ষা বর্ষে বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে (ঢাকা বিশ্ববিদ্যালয়ের কনস্টিটিউয়েন্ট কলেজ) ১ম বর্ষ, বি. এইচ, এম, এস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাইতেছে ঃ

১। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে এবং বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা বোর্ড হইতে অথবা দেশের বাইরে যে কোন স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় হইতে প্রি-মেডিকেল (বাইলজীসহ) বা উহার সমমান গ্রুপে এস, এস, সি এবং এইচ, এস, সি পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে।

২। যে সব প্রার্থী ১৯৯৫ সালের পূর্বে এস, এস, সি এবং ১৯৯৭ সালের পূর্বে এইচ, এস, সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে তাহারা আবেদন করার যোগ্য বিবেচ্য হইবে না।

৩। সকল প্রার্থীকে লিখিত ও মৌখিক প্রতিযোগীতা মূলক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

৪। ভর্তির আবেদন পত্র ও অন্যান্য নিয়মাবলী ২০০/=(দুইশত) টাকার (অফেরৎযোগ্য) বিনিময়ে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯-১টা) সংগ্রহ করা যাইবে।

৫। মোট আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ)।

৬। সকল প্রার্থীকে নিম্নলিখিত সার্টিফিকেট সমূহের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করিয়া আবেদন পত্রের সহিত নিম্নস্বাক্ষর কারীর দপ্তরে জমা দিতে হইবেঃ

(ক) এস, এস, সি পরীক্ষা ঃ (১) সার্টিফিকেট, (২) মার্কসীট।

(খ) এইচ, এস, সি পরীক্ষা ঃ (১) অধ্যক্ষের নিকট হইতে পাসের ও চরিত্রগত সার্টিফিকেট, (২) মার্কসিট।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউনিয়ন কাউন্সিল/পৌরসভার চেয়ারম্যানের নিকট হইতে নাগরিকত্ব ও চরিত্রগত সার্টিফিকেট।

(ঘ) তিন কপি সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ফটো ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।

৭। মৌখিক পরীক্ষার সময় সার্টিফিকেট সমূহের মূল কপি অবশ্যই দাখিল করিতে হইবে, অন্যথায় ভর্তির আবেদন বাতিল বলিয়া গন্য হইবে।

৮। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বিবেচনা করা হইবে না।

আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ ১৬/০৬/৯৯ইং বেলা ২টা পর্যন্ত

**ভর্তি পরীক্ষা**

(ক) লিখিত পরীক্ষার তারিখ ১৯/০৬/৯৯ইং সকাল ১০ ঘটিকায়

(খ) মৌখিক পরীক্ষার তারিখ ২০/০৬/৯৯ইং সকাল ১০ ঘটিকায়

(গ) ফলাফল প্রকাশের তারিখ ২১/০৬/৯৯ইং।

অধ্যাপক ডাঃ আব্দুল হাকিম
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ
৪৬/২, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা-১০০০